গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
বীজ প্রত্যয়ন এজেন্সী
গাজীপুর-১৭০১
(www.sca.gov.bd)

কৃষিই সমৃদ্ধি

স্মারক নং-১২.০৪.০০০০.০১০.০৬.০০২.১৮. ৯৮০৬ তারিখ: ২৭/১০/২২ খ্রি:।

**বিষয় : জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০৫তম সভার কার্যবিবরণী প্রেরণ।**

জনাব ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল ও সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি মহোদয়ের সভাপতিত্বে ০৬/১০/২০২২ তারিখে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এ অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০৫তম সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি: ১০৫তম সভার কার্যবিবরণী (সংশ্লিষ্ট ই-মেইলে প্রেরণ করা হলো)।

২৭/১০/২২

মো: আমিনুল ইসলাম
পরিচালক
বীজ প্রত্যয়ন এজেন্সী
গাজীপুর-১৭০১
ও
সদস্য সচিব
জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি
dir.sca.gov.bd@gmail.com

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল -সভাপতি।
২. প্রতিনিধি, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় -সদস্য।
৩. প্রতিনিধি, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় -সদস্য।
৪. অধ্যাপক ড. নাসরিন আক্তার আইভী/প্রতিনিধি, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় -সদস্য।
৫. সদস্য পরিচালক (শস্য), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল -সদস্য।
৬. মহাব্যবস্থাপক (বীজ), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন -সদস্য।
৭. পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর -সদস্য।
৮. পরিচালক (ক্রপস উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর -সদস্য।
৯. পরিচালক (গবেষণা), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট -সদস্য।
১০. পরিচালক (গবেষণা), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট -সদস্য।
১১. পরিচালক (গবেষণা), বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট -সদস্য।
১২. পরিচালক (কৃষি), বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট -সদস্য।
১৩ পরিচালক (গবেষণা), বাংলাদেশ সুগার ক্রপ গবেষণা ইনস্টিটিউট -সদস্য।
১৪. পরিচালক (গবেষণা), বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট -সদস্য।

চলমান পাতা

১৫. প্রধান বীজ প্রযুক্তিবিদ, বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয় -সদস্য।
১৬ অতিরিক্ত পরিচালক (মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং), বীজ প্রত্যয়ন এজেন্সী -সদস্য।
১৭. কটন এগ্রোনমিষ্ট/প্রতিনিধি, তুলা উন্নয়ন বোর্ড -সদস্য।
১৮. বাংলাদেশ সীড এসোসিয়েশন কর্তৃক মনোনীত ২ জন প্রতিনিধি -সদস্য।
১৯. সভাপতি/প্রতিনিধি, বাংলাদেশ সোসাইটি অব সীড টেকনোলজি -সদস্য।
২০ সভাপতি/প্রতিনিধি, বাংলাদেশ কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন সমিতি -সদস্য।
২১. জনাব ফজলুল হক সরকার (হান্নান), কৃষক প্রতিনিধি -সদস্য।
২২ ..........................................................................................................................................

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):**

অতিরিক্ত সচিব ও মহাপরিচালক, বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**অনুলিপি (কার্যার্থে): (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. উপপরিচালক (মান নিয়ন্ত্রণ/সীড রেগুলেশণ)/এডিডি (সীড রেগুলেশণ ও মান নিয়ন্ত্রণ)/সিনিয়র নমুনা সংগ্রহ অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
২. সভাপতি, বাংলাদেশ সীড এসোসিয়েশন, ১৪৫, সিদ্দিক বাজার, ঢাকা।
৩. অফিস কপি।

মো: আমিনুল ইসলাম
পরিচালক
বীজ প্রত্যয়ন এজেন্সী
গাজীপুর-১৭০১
ও
সদস্য সচিব
জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি
*dir.sca.gov.bd@gmail.com*

# জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০৫তম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি। |
| সভার তারিখ ও সময় | : | ০৬ অক্টোবর ২০২২, সকাল ১০.০০ টা। |
| সভার স্থান | : | ১ নং সম্মেলন কক্ষ, বিএআরসি, ফার্মগেট, ঢাকা। |
| সভায় উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য (সরাসরি) । |

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি সবাইকে স্বাগত জানিয়ে আলোচ্য বিষয় অনুযায়ী সভার কাজ শুরু করার জন্য পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুরকে অনুরোধ জানান। জনাব মো: আমিনুল ইসলাম, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর ও সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে আলোচ্য বিষয় পর্যায়ক্রমে উপস্থাপন করার জন্য মোহাম্মদ এনায়েত-ই-রাব্বি, উপপরিচালক (মান নিয়ন্ত্রণ), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুরকে অনুরোধ জানান।

**আলোচ্য বিষয় ১: জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০৪তম সভার কার্যবিবরণী অনুমোদন ।**

জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০৪তম সভা ০৯ জুন, ২০২২ খ্রি:, রোজ বৃহস্পতিবার দুপুর ২.০০ ঘটিকায় ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি এর সভাপতিত্বে বিএআরসি'র প্রশিক্ষণ ভবনের (৪র্থ তলা) কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী ১৪/০৭/২০২২ খ্রি: তারিখের ১২.০৪.০০০০.০১০.৩০.০০৮.২২.১০৬২ নং স্মারকে জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির সকল সদস্যের নিকট বিতরণ করা হয়। কারিগরি কমিটির ১০৪তম সভার আলোচ্য বিষয় ৩ সম্পর্কিত আলোচনায় আমন ২০২১-২২ মৌসুমে বিনা, ময়মনসিংহের ব্রি ধান১০৩ এর হেটারোসিস -৭.১৯% সংশোধনপূর্বক ৭.১৯% লিপিবদ্ধ করার বিষয়ে প্রস্তাব করা হয়। আলোচনা শেষে প্রস্তাব অনুযায়ী কার্যবিবরণী সংশোধনের সিদ্ধান্ত গৃহীত হয়। অদ্যকার সভায় আলোচনাপূর্বক ঐক্যমতের ভিত্তিতে কার্যবিবরণী সংশোধনপূর্বক নিশ্চিতকরণের সিদ্ধান্ত নেয়া যেতে পারে।

**সিদ্ধান্ত: ঐক্যমতের ভিত্তিতে ১০৪তম সভার কার্যবিবরণীর আলোচ্য বিষয় ৩ সাপেক্ষে উপস্থাপিত আমন ২০২১-২২ মৌসুমে ব্রি ধান১০৩ এর হেটারোসিস -৭.১৯% সংশোধনপূর্বক ৭.১৯% লিপিবদ্ধ করে জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০৪তম সভার কার্যবিবরণীটি নিশ্চিতকরণ করা হলো।**

**আলোচ্য বিষয় ২: ২০২১-২২ বোরো মৌসুমের হাইব্রিড ধানের ফলাফল পর্যালোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ।**

১ম ও ২য় বর্ষে ২০২০-২০২১ ও ২০২১-২২ বোরো মৌসুমের **২৭** (সাতাশ)টি বীজ কোম্পানি/প্রতিষ্ঠান হতে হাইব্রিড ধানের জাত নিবন্ধনের জন্য ৪৩ (তেতাল্লিশ)টি হাইব্রিড জাতের বীজের নমুনা পরীক্ষার জন্য পাওয়া যায়। নিম্নে প্রাপ্ত হাইব্রিড ধানের জাতসমূহের তথ্যাবলি উল্লেখ করা হলোঃ

**১ম বর্ষ মোট ২০টি: ২০২১-২০২২**

| Sl. No | Seed Institute/Company | Variety Name | Source Country | Year |
|---|---|---|---|---|
| 1 | Sugandha Agri Industries | Sugandha Hybrid dhan3 (AF-005) | China | 1st |
| 2 | Sugandha Agri Industries | Sugandha Hybrid dhan2 (KPHE-297) | India | 1st |
| 3 | ACI Limited | ACI Hybrid dhan17 (BGH 46) | Bangladesh | 1st |
| 4 | National AgriCare Import & Export Ltd. | National AgriCare Hybrid dhan10 (CQR-12) | China | 1st |
| 5 | National AgriCare Import & Export Ltd. | National AgriCare Hybrid dhan9 (ARBH21092) | India | 1st |
| 6 | NAAFCO (pvt) Ltd. | NAAFCO Hybrid dhan3 (CQR-2) | China | 1st |
| 7 | NAAFCO (pvt) Ltd. | NAAFCO Hybrid dhan4 (CQR-11) | China | 1st |
| 8 | Lal Teer Beej Company Ltd. | Lal Teer Beej Hybrid dhan1 (ARBH21045) | India | 1st |

| Sl. No | Seed Institute/Company | Variety Name | Source Country | Year |
|---|---|---|---|---|
| 9 | Syngenta Bangladesh Ltd. | Syngenta Hybrid dhan12 (S-1208) (Syn ND 975) | India | 1st |
| 10 | Syngenta Bangladesh Ltd. | Syngenta Hybrid dhan11 (S-1207) (NK-17508) | India | 1st |
| 11 | Mahyco Bangladesh (Pvt.) Ltd. | Mahyco Hybrid dhan9 (SHAHI-2) | India | 1st |
| 12 | Giant Agro Processing Ltd. | Giant Agro Hybrid dhan2 (SULTAN) | China | 1st |
| 13 | Giant Agro Processing Ltd. | Giant Agro Hybrid dhan3 (RATNA) | China | 1st |
| 14 | DuPont Bangladesh Ltd. | DuPont Hybrid dhan1 (Pioneer 28P68) | India | 1st |
| 15 | DuPont Bangladesh Ltd. | DuPont Hybrid dhan2 (Pioneer 28P94) | India | 1st |
| 16 | Mitali Agro Seed Industries | Mitali Agro Hybrid dhan 5 (SHD-1392) | Bangladesh | 1st |
| 17 | Supreme Seed Company | Supreme Hybrid dhan20 (Heera 20) (HSG-86) | China | 1st |
| 18 | Haque Agri Business | Haque Hybrid dhan2 (H-9090) | India | 1st |
| 19 | Haque Agri Business | Haque Hybrid dhan1 (BGL-111) | China | 1st |
| 20 | United Seed Store | United Hybrid dhan1 (ARBH 21001) | India | 1st |

**২য় বর্ষ মোট ২৩টি: ১ম বর্ষ: ২০২০-২০২১, ২য় বর্ষ: ২০২১-২০২২**

| Sl. No | Seed Institute/Company | Variety Name | Source Country | Year |
|---|---|---|---|---|
| 1 | Aus-Bangla Agro | Aus-Bangla Hybrid dhan2 | China | 2nd |
| 2 | Aus-Bangla Agro | Aus-Bangla Hybrid dhan3 | Bangladesh | 2nd |
| 3 | Sugandha Agri Industries | Sugandha Hybrid dhan1 (AF-002) | China | 2nd |
| 4 | ACI Agrolink Limited | ACI Agrolink Hybrid dhan2 (Q58) | China | 2nd |
| 5 | BRAC | BRAC Hybrid dhan21 (Shakti6) | Bangladesh | 2nd |
| 6 | Farmers Seed Company Ltd. | Farmers Hybrid dhan1 (Xiangyou-98) | China | 2nd |
| 7 | Khan Agricultural Products Ltd. | Khan Hybrid dhan2 (Fengda-306) | China | 2nd |
| 8 | Bangladesh Rice Research Institute | BRRI Hybrid dhan8 | Bangladesh | 2nd |
| 9 | Lal Teer Seed Ltd. | Lal Teer Hybrid dhan5 | Bangladesh | 2nd |

| Sl. No | Seed Institute/Company | Variety Name | Source Country | Year |
|---|---|---|---|---|
| 10 | Lal Teer Seed Ltd. | Lal Teer Hybrid dhan6 (LTHD-6/Fengda-373) | China | 2nd |
| 11 | North South Seed Ltd. | North South Hybrid dhan6 (NSHD-6/HJ-2001) | China | 2nd |
| 12 | North South Seed Ltd. | North South Hybrid dhan7 (NSHD-7/HJ-2002) | China | 2nd |
| 13 | Tinpata Quality Seed Bangladesh Ltd. | Tinpata Hybrid dhan6 (FL-1922) | China | 2nd |
| 14 | Tinpata Quality Seed Bangladesh Ltd. | Tinpata Hybrid dhan7 (FL-1928) | China | 2nd |
| 15 | Mahyco Bangladesh (Pvt.) Ltd. | Mahyco Hybrid dhan10 (MRP-5434) | India | 2nd |
| 16 | Yes Agro Science | Yes hybrid dhan1 (SHAHI-1) | India | 2nd |
| 17 | 3S Agro Services Ltd. | 3S Hybrid dhan3 (C UU DA HE SO 1) | China | 2nd |
| 18 | 3S Agro Services Ltd. | 3S Hybrid dhan4 (C UU 2009) | China | 2nd |
| 19 | Supreme Seed Company | Supreme Hybrid dhan15 (Heera 15) (PAN 8385) | India | 2nd |
| 20 | ACI Formulations Ltd. | ACI Formulations Hybrid dhan5 (NASH 239) | Bangladesh | 2nd |
| 21 | Amin Agro Services | Amin Hybrid dhan1 (MAHA GOLD786) | India | 2nd |
| 22 | American Advanced Agro Ltd. | American Advanced Agro Hybrid dhan2 (FD-02 UIKA) | China | 2nd |
| 23 | American Advanced Agro Ltd. | American Advanced Agro Hybrid dhan1 | China | 2nd |

উক্ত ৪৩টি হাইব্রিড জাতের সাথে ৩টি চেক জাতসহ ৬টি অঞ্চলের ১২টি স্থানে ট্রায়াল বাস্তবায়নের জন্য গোপনীয় কোড প্রদান করে প্রেরণ করা হয়। ২টি সেটে যথা A সেট (কোড নং- H-1527 থেকে H-1551=২৫টি) এবং B সেট (কোড নং- H-1552 থেকে H-1575=২৪টি) জাত (২টি সেটে ৩ টি চেকজাতসহ) বিভিন্ন অঞ্চলের মাঠ মূল্যায়ন দলের সদস্য সচিব, আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার ট্রায়াল বাস্তবায়নের ফলাফল কোড ভিত্তিক তৈরী পূর্বক পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বরাবরে প্রেরণ করেন। উক্ত মাঠ মূল্যায়নের কোড ভিত্তিক দুই বছরের ফলাফল Computerized Mean Performance এর ভিত্তিতে Compilation পূর্বক পর্যালোচনার জন্য অদ্যকার সভায় উপস্থাপন করা হয় এবং জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০৫তম সভায় উল্লিখিত হাইব্রিড জাতের কোড উন্মুক্ত করা হয়। ২য় বর্ষে হাইব্রিড জাতের জন্য চেক জাত হিসেবে ব্রি হাইব্রিড ধান৫ এবং ১ম বর্ষে হাইব্রিড জাতের জন্য চেক জাত হিসেবে ব্রি ধান৮৮ ব্যবহার করা হয়েছে।

দ্বিতীয় বর্ষে ট্রায়ালকৃত ২৩টি বোরো হাইব্রিড জাতের ফলাফল পর্যালোচনায় দেখা যায়, ৭টি জাত ৩টি স্থানে অনস্টেশন ও অনফার্মে চেক জাত হিসেবে ব্যবহৃত ব্রি হাইব্রিড ধান৫ হতে সর্বনিম্ন মাত্রা ৫% এর চেয়ে বেশি হেটারোসিস হয়েছে এবং ৪টি জাত ৩টির অধিক স্থানে অনস্টেশন ও অনফার্মে চেকজাত হিসেবে ব্যবহৃত ব্রি হাইব্রিড ধান৫ হতে সর্বনিম্ন মাত্রা ৫% এর বেশি হেটারোসিস পাওয়া গিয়েছে। উল্লেখ্য, এই ২৩টি জাতের ১ম বছরের ট্রায়ালে চেকজাত ব্রি হাইব্রিড ধান৫ ব্যবহার করা হয়েছে। এজন্য ২য় বছরের ট্রায়ালেও চেকজাত ব্রি হাইব্রিড ধান৫ ব্যবহার করে ফলাফল তৈরী করা হয়েছে।

## প্রস্তাবিত বোরো হাইব্রিড ২০২১-২২ এর সারাদেশে ও অঞ্চলভিত্তিক পাশকৃত জাতগুলোর বিবরণ

| ক্রম | নিবন্ধনের জন্য প্রস্তাবিত নাম এবং জাতটির উৎস | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম | প্রস্তাবিত জাতের গড় ফলন (মে.টন/হে) ও জীবনকাল (দিন) | চেকজাত ব্রি হাইব্রিড ধান৫ এর ফলন (মে.টন/হে) ও জীবনকাল (দিন) | বিশেষ বৈশিষ্ট্য | ট্রায়ালে পাশকৃত অঞ্চলের নাম | অনস্টেশন হেটারোসিস % | অনফার্ম হেটারোসিস % | নিবন্ধনের জন্য সুপারিশকৃত অঞ্চল |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | অস-বাংলা হাইব্রিড ধান২ | অস-বাংলা এগ্রো | **ফলন: ৮.১৭** **জীবনকাল: ১৪২** | **ফলনঃ ৭.৮০** **জীবনকাল: ১৪৩** | **চাল মাঝারি মোটা** | চট্টগ্রাম | ৭.৮৪ | ৮.২০ | চট্টগ্রাম, খুলনা ও রংপুর |
| | | | | | | খুলনা | ৯.২৭ | ৬.৮৯ | |
| | | | | | | রংপুর | ৫.০ | ১১.৫০ | |
| ২ | সুগন্ধা হাইব্রিড ধান১ (AF-002) | সুগন্ধা এগ্রি ইনডাস্ট্রিজ, | **ফলন: ৮.৫** **জীবনকালঃ ১৪৪** | **ফলনঃ ৭.৮০** **জীবনকাল: ১৪৩** | **চাল মাঝারি মোটা** | ঢাকা | ৫.০৬ | ৭.৬০ | ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী |
| | | | | | | চট্টগ্রাম | ৫.৮৮ | ৬.০৮ | |
| | | | | | | রাজশাহী | ১১.৪৭ | ৭.১৭ | |
| ৩ | এসিআই এগ্রোলিংক হাইব্রিড ধান২ (Q58) | এসিআই এগ্রোলিংক লি: | **ফলনঃ ৯.০১** **জীবনকালঃ ১৪২** | **ফলনঃ ৭.৮০** **জীবনকাল: ১৪৩** | **মোটা দানা** | চট্টগ্রাম | ২৫.০৭ | ২৬.০৩ | চট্টগ্রাম,খুলনা ও রংপুর |
| | | | | | | খুলনা | ১৭.৪৩ | ১৪.৬৪ | |
| | | | | | | রংপুর | ১৫.২৮ | ১৫.০০ | |
| ৪ | ব্র্যাক হাইব্রিড ধান২১ (Shakti6) | ব্র্যাক, সিড অ্যান্ড অ্যাগ্রো এন্টারপ্রাইজ | **ফলনঃ ৮.৬৮** **জীবনকালঃ ১৪২** | **ফলনঃ ৭.৮০** **জীবনকাল: ১৪৩** | **ডিগপাতা চওড়া ও চাল মাঝারি মোটা** | চট্টগ্রাম | ২৫.০৪ | ২৩.৩৪ | সারাদেশে |
| | | | | | | খুলনা | ১৬.৮৪ | ১৮.০৬ | |
| | | | | | | রাজশাহী | ৭.৫৪ | ১৩.৮৩ | |
| | | | | | | রংপুর | ১৬.০২ | ১১.৫৬ | |
| | | | | | | বরিশাল | ৭.১৪ | ৯.২০ | |
| ৫ | ফার্মার্স হাইব্রিড ধান১ (Xiangyou-98) | ফার্মার্স সীড কোম্পানী লিমিটেড | **ফলনঃ ৯.৪২** **জীবনকালঃ ১৪২** | **ফলনঃ ৭.৮০** **জীবনকাল: ১৪৩** | **চাল মাঝারি মোটা** | ঢাকা | ১০.৩৬ | ১৫.০১ | সারাদেশে |
| | | | | | | চট্টগ্রাম | ২৯.৬৬ | ২৬.৮৩ | |
| | | | | | | খুলনা | ২৪.৬৪ | ২২.২৪ | |
| | | | | | | রংপুর | ১৩.৮১ | ১২.৯৩ | |
| ৬ | ব্রি হাইব্রিড ধান৮ | ব্রি | **ফলনঃ ৯.৪৮** **জীবনকালঃ ১৪৫** | **ফলনঃ ৭.৮০** **জীবনকাল: ১৪৩** | **চাল লম্বা ও চিকন** | | ১২.১৭ | ১৫.৩৭ | ঢাকা, চট্টগ্রাম, রংপুর |
| | | | | | | চট্টগ্রাম | ২১.১৪ | ২০.০০ | |
| | | | | | | রংপুর | ১৫.৬৪ | ১৭.২৮ | |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৭ | তিনপাতা হাইব্রিড ধান৬ (FL-1922) | তিন পাতা কোয়ালিটি সীডস বাংলাদেশ লিমিটেড, | **ফলন:** ৮.২৬ **জীবনকাল:** ১৪৩ | **ফলনঃ** ৭.৮০ **জীবনকাল:** ১৪৩ | চাল মোটা | চট্টগ্রাম | ১২.৩৫ | ১৩.১৯ | সারাদেশে |
| | | | | | | খুলনা | ৮.২৮ | ১৩.৩৬ | |
| | | | | | | রাজশাহী | ৭.৭৪ | ৮.৫৮ | |
| | | | | | | রংপুর | ৭.১২ | ৫.০৬ | |
| ৮ | থ্রি এস এগ্রো হাইব্রিড ধান৩ (C UU DA HE SO 1) | থ্রি এস এগ্রো সার্ভিসেস লিমিটেড | **ফলন:** ৯.১৪ **জীবনকাল:** ১৪৫ | **ফলনঃ** ৭.৮০ **জীবনকাল:** ১৪৩ | চাল মোটা | চট্টগ্রাম | ২৮.৯৩ | ২৮.২০ | চট্টগ্রাম, খুলনা, রংপুর |
| | | | | | | খুলনা | ২০.৫৮ | ২২.২৬ | |
| | | | | | | রংপুর | ৭.০৯ | ১৪.২৫ | |
| ৯ | থ্রি এস এগ্রো হাইব্রিড ধান৪ (C UU 2009) | থ্রি এস এগ্রো সার্ভিসেস লিমিটেড | **ফলন:** ৯.০৮ **জীবনকাল:** ১৪২ | **ফলনঃ** ৭.৮০ **জীবনকাল:** ১৪৩ | চাল মোটা | চট্টগ্রাম | ২৪.৭১ | ২৩.৪২ | চট্টগ্রাম, খুলনা, রংপুর |
| | | | | | | খুলনা | ২৬.০৪ | ২২.৯২ | |
| | | | | | | রংপুর | ৬.৮৯ | ১১.৮৫ | |
| ১০ | সুপ্রিম **হাইব্রিড ধান১৫** (Heera 15) (PAN 8385) | সুপ্রিম সীড কোম্পানী লিমিটেড | **ফলন:** ৮.৮১ **জীবনকাল:** ১৩৮ | **ফলনঃ** ৭.৮০ **জীবনকাল:** ১৪৩ | **চাল চিকন** | ঢাকা | ৬.০৪ | ৬.৪৬ | ঢাকা, চট্টগ্রাম, খুলনা |
| | | | | | | চট্টগ্রাম | ১৭.৫৮ | ১৬.৩৮ | |
| | | | | | | খুলনা | ১৪.৮৯ | ১৩.৬৫ | |
| ১১ | অ্যামেরিকান এ্যডভান্সড এগ্রো হাইব্রিড ধান১ | অ্যামেরিকান এ্যডভান্সড এগ্রো লিমিটেড | **ফলন:** ৮.৮১ **জীবনকাল:** ১৪৪ | **ফলনঃ** ৭.৮০ **জীবনকাল:** ১৪৩ | **চাল চিকন ও ধানের ছড়া বড়** | চট্টগ্রাম | ২৪.৫০ | ২৫.১৭ | সারাদেশে |
| | | | | | | খুলনা | ১৭.৪৪ | ১৫.৫৭ | |
| | | | | | | রাজশাহী | ৫.৬১ | ১৫.৯৮ | |
| | | | | | | রংপুর | ১৪.০৪ | ১৬.২১ | |

**সিদ্ধান্ত: ২০২০-২১ ও ২০২১-২২ রবি মৌসুমে ট্রায়ালকৃত বোরো ধানের ২৩টি জাতের মধ্যে ১১টি হাইব্রিড জাতের ১ম ও ২য় বর্ষের ফলাফলের ভিত্তিতে চেক জাত (ব্রি হাইব্রিড ধান৫) এর চেয়ে ৩টি স্থানে অনস্টেশন ও অনফার্মে ৫% হেটোরোসিস বেশী হওয়ায় ৭টি জাত (১) অস-বাংলা হাইব্রিড ধান২ (চট্টগ্রাম, খুলনা ও রংপুর) (২) সুগন্ধা হাইব্রিড ধান১ (AF-002) (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী) (৩) এসিআই এগ্রোলিংক হাইব্রিড ধান২ (Q58) (চট্টগ্রাম, খুলনা ও রংপুর), (৪) ব্রি হাইব্রিড ধান৮ (ঢাকা, চট্টগ্রাম, রংপুর) (৫) থ্রি এস হাইব্রিড ধান৩ (C UU DA HE SO 1) (চট্টগ্রাম, খুলনা ও রংপুর) (৬) থ্রি এস হাইব্রিড ধান৪ (C UU 2009) (চট্টগ্রাম, খুলনা ও রংপুর), (৭) সুপ্রিম হাইব্রিড ধান১৫ (Heera 15) (PAN 8385) (ঢাকা, চট্টগ্রাম, খুলনা) অঞ্চল ভিত্তিক এবং ৩টির অধিক স্থানে অনস্টেশন ও অনফার্মে= হেটোরোসিস ৫% এর বেশী হওয়ায় ৪টি জাত (১) ব্র্যাক হাইব্রিড ধান২১ (Shakti6), (২) ফার্মার্স হাইব্রিড ধান১ (Xiangyou-98), (৩) তিনপাতা হাইব্রিড ধান৬ (FL-1922), (৪) অ্যামেরিকান এ্যডভান্সড এগ্রো হাইব্রিড ধান১ সারাদেশে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।**

**আলোচ্য বিষয় ৩: বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক প্রস্তাবিত ০২ (দুই)টি বোরো ধানের জাত ছাড়করণ।**

**ক. BR8862-29-1-5-1-3 (ব্রি ধান১০৪):** ব্রি ধান১০৪ এর কৌলিক সারি বিআর৮৮৬২-২৯-১-৫-১-৩। উক্ত কৌলিক সারিটি বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) তে ২০০৭ সালে আইআর৭৪০৫২-২১৭-৩-৩ এর সাথে বিআর৭১৫০-১১-৭-৪-২-১৬ এর সংকরায়ণ করে এবং

পরবর্তীতে বংশানুক্রম সিলেকশন (Pedigree Selection) এর মাধ্যমে উদ্ভাবিত হয়। ব্রি, গাজীপুরের গবেষণা মাঠে হোমোজাইগাস কৌলিক সারিটি নির্বাচন করা হয় এবং পরবর্তীতে নির্বাচিত হোমোজাইগাস কৌলিক সারিটি ০৫ বৎসর ফলন পরীক্ষার পর ২০১৮ সালে ব্রি'র আঞ্চলিক কার্যালয় সমূহের গবেষণা মাঠে ও ২০১৯ সালে বাংলাদেশের বিভিন্ন এলাকায় কৃষকের মাঠে পরীক্ষা নিরীক্ষা করা হয়। এ জাতের ডিগপাতা খাড়া। ধানের জাতটি বাসমতি টাইপের এবং তীব্র সুগন্ধযুক্ত। প্রস্তাবিত জাতটির চালের আকৃতি লম্বা ও চিকন (৭.৬৮ মিলি.মি) । ১০০০টি পুষ্ট ধানের ওজন প্রায় ২২.৫২ গ্রাম, প্রোটিনের পরিমান ৮.৯% ও এ্যামাইলোজের পরিমান ২৯.২%। উল্লেখ্য, বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতের পর পর দুই বছর **Distinctness, Uniformity এবং Stability (DUS)** পরীক্ষা সম্পন্ন করা হয়। প্রস্তাবিত জাতটিতে **Penultimate leaf: pubescence of blade, Flag leaf: attitude of blade, Culm: length, Panicle: exertion, Grain: wt of 1000 fully developed grain (at 12%)** এবং **Decorticated grain: aroma** এই ৬টি বৈশিষ্ট্যে ডিইউএস (DUS) পরীক্ষায় ব্যবহৃত অনুরুপ জাত ব্রি ধান৫০ হতে স্বাতন্ত্র্য পাওয়া গিয়েছে।

উক্ত বোরো ধানের জাতটি ২০২১-২২ রবি মৌসুমে অন ফার্ম ৬টি (সদর, ফেনী; সদর, বগুড়া; সদর, দিনাজপুর; সদর, যশোর; লাকসাম, কুমিল্লা; বাবুগঞ্জ, বরিশাল) এবং অন স্টেশন ৪টি (ব্রি, গাজীপুর; বিনা, ময়মনসিংহ; ব্রি, ফরিদপুর; ব্রি, রংপুর) সহ মোট ১০টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ১০টি স্থানের মধ্যে ৭টি স্থানে যথা ব্রি, গাজীপুর (**১৮.৯৬%**); বিনা, ময়মনসিংহ (**১৪.৪৭%**); ব্রি, রংপুর (**১৩.৯১%**); সদর, ফেনী (**১০.৪৯%,**); সদর, বগুড়া (**২৯.৩৩%**); লাকসাম, কুমিল্লা (**১২.৫৮%**) ও বাবুগঞ্জ, বরিশাল (**১৮.৪১**) এ প্রস্তাবিত জাতটিতে চেক জাতের চেয়ে ফলন ১০% এর বেশি এবং ৩টি স্থানে ব্রি, ফরিদপুর (**-৪.৬৪%**); সদর, যশোর (**-০.৩৯%**); সদর, দিনাজপুর (**০.১৪%**) ফলন চেক জাতের চেয়ে ১০% এর কম পাওয়া গিয়েছে। মূল্যায়ন ফলাফল অনুযায়ী প্রস্তাবিত জাতটির গড় ফলন ৭.২৯ টন/হেক্টর ও চেক জাত ব্রি ধান৫০ এর গড় ফলন ৬.৬১ টন/হেক্টর। প্রস্তাবিত জাতের জীবনকাল ১৪৭দিন ও চেক জাতের জীবনকাল ১৪৭ দিন।

এ প্রেক্ষিতে ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি বলেন, আমরা বোরো ধানের আরও সুগন্ধি জাত চাচ্ছি। বিশেষ বৈশিষ্ট্য সমূহকে কার্যপত্রে আরোও গুরুত্ব দিয়ে উপস্থাপন করতে হবে। চেক জাত ব্রি ধান৫০ এর চেয়ে প্রস্তাবিত ব্রি ধান১০৪ এর বেশী এ্যারোমা বিদ্যমান।

এ পর্যায়ে ড. মো: আবদুল কাদের, পিএসও, ব্রি গাজীপুর এর নিকট প্রস্তাবিত জাতটির ব্রিডিং টেকনিক সর্ম্পকে জানতে চাইলে তিনি বলেন, প্রস্তাবিত জাতটি উদ্ভাবনে এফ-৭ জেনারেশন পর্যন্ত গিয়ে ফিক্স লাইন হওয়ার পর সকল প্রকার পরীক্ষা করে জাতটিকে মাঠ মূল্যায়নে পাঠানো হয়।

**খ. BRC266-5-1-1-1(ব্রি ধান১০৫):** ব্রি ধান১০৫ এর কৌলিক সারি BRC266-5-1-1-1। উক্ত কৌলিক সারিটি বাংলাদেশের ধান গবেষণা ইনস্টিটিউটে BR16 ও 90060-TR1252-8-2-1 এর সাথে ২০০৬ সালে ব্রি, কুমিল্লায় সংকরায়ণ করা হয় এবং পরবর্তীতে বংশানুক্রম সিলেকশন (Pedigree Selection) এর মাধ্যমে উদ্ভাবিত হয়। ব্রি, কুমিল্লা এর গবেষণা মাঠে হোমোজাইগাস কৌলিক সারি নির্বাচন করা হয় এবং পরবর্তীতে ব্রি, কুমিল্লা হতে ব্রি, গাজীপুরে নির্বাচিত হোমোজাইগাস কৌলিক সারিটি স্থানান্তর করে ৫ বছর ফলন পরীক্ষার পর কৌলিক সারিটি ২০১৭ সালে ব্রি'র আঞ্চলিক কার্যালয় সমূহের গবেষণা মাঠে ও ২০১৮ সালে বাংলাদেশের বিভিন্ন এলাকায় কৃষকের মাঠে পরীক্ষা নিরীক্ষা করা হয়। এ জাতের ডিগপাতা খাড়া, ধান মাঝারি চিকন এবং লো জিআই সমৃদ্ধ (৫৫.০৪)। ১০০০টি পুষ্ট ধানের ওজন প্রায় ২১.৬০ গ্রাম, প্রোটিনের পরিমান ৭.৩% ও এ্যামাইলোজের পরিমান ২৭%। উল্লেখ্য, বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতের পর পর দুই বছর **Distinctness, Uniformity এবং Stability (DUS)** পরীক্ষা সম্পন্ন করা হয়। প্রস্তাবিত জাতটিতে **Penultimate leaf: pubescence of blade, Flag leaf: attitude of blade, Culm diameter, Panicle: length, Panicle:exertion, Panicle:no of effective tillers in plants** এই ৬টি বৈশিষ্ট্যে ডিইউএস (DUS) পরীক্ষায় ব্যবহৃত অনুরুপ জাত বিআর১৬ হতে স্বাতন্ত্র্য পাওয়া গিয়েছে।

উক্ত বোরো ধানের জাতটি ২০২১-২২ রবি মৌসুমে অন ফার্ম ৬টি (সদর, ফেনী; সদর, বগুড়া; সদর, দিনাজপুর; সদর, যশোর; লাকসাম, কুমিল্লা; বাবুগঞ্জ, বরিশাল) এবং অন স্টেশন ৪টি (ব্রি, গাজীপুর; বিনা, ময়মনসিংহ; ব্রি, ফরিদপুর; ব্রি, রংপুর) সহ মোট ১০টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ১০টি স্থানের মধ্যে ১টি স্থানে ব্রি, গাজীপুর (**১৬.৯০%**) এ প্রস্তাবিত জাতে চেক জাতের চেয়ে ফলন ১০% এর বেশি এবং ৯টি স্থানে যথা বিনা, ময়মনসিংহ (**৩.৪৪%**); ব্রি ফরিদপুর (**-৮.২৯%**); সদর, যশোর (**৮.৭৯**); সদর, ফেনী (**- ৫.৮১%**); লাকসাম, কুমিল্লা (**৮.০২%**); সদর, বগুড়া (**-১.৮১%**); বাবুগঞ্জ, বরিশাল (**৭.৭৮%**); ব্রি, রংপুর (**-৮.০৮%**) ও সদর, দিনাজপুর (**-১৪.৫৭%**) এ ফলন চেক জাতের চেয়ে ফলন ১০% এর কম পাওয়া গিয়েছে। মূল্যায়ন ফলাফল অনুযায়ী প্রস্তাবিত জাতটির গড় ফলন ৭.৬১ টন/হেক্টর ও চেক জাত ব্রি ধান৫৮ এর গড় ফলন ৭.৬৫ টন/হেক্টর। প্রস্তাবিত জাতের জীবনকাল ১৪৮দিন ও চেক জাতের জীবনকাল ১৪৭ দিন ।

এ প্রেক্ষিতে মোহাম্মদ এনায়েত-ই-রাব্বি, উপপরিচালক (মান নিয়ন্ত্রণ), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর বলেন, ব্রি কর্তৃক দাখিলকৃত ২০১৯ এর রিপোর্ট অনুযায়ী প্রস্তাবিত জাতটিতে জিআই এর মান ৫৫.০৪ এবং ২০২২ এর রিপোর্ট অনুযায়ী প্রস্তাবিত জাতটিতে জিআই এর মান ৫৪.২৬। জিআই এর মান ৫৫ বা এর নিচে হলে ধানের জাতকে ডায়াবেটিক রাইস বলা হয়ে থাকে। এ পর্যায়ে ড. মো: আবদুল কাদের, পিএসও, ব্রি, গাজীপুর বলেন, প্রস্তাবিত জাতটি চেক জাত ব্রি ধান৫৮ এর চেয়ে ৫টি লোকেশনে ৮.৩% ফলন বেশি দিয়েছে। ড. মো: তরিকুল ইসলাম, পরিচালক (গবেষণা), বারি, গাজীপুর বলেন, সবসময় ফলন বিবেচ্য বিষয় নয়। কোয়ালিটি প্যারেন্ট এর চেয়ে বেশি ভাল কিনা তা বিবেচনা করা যেতে পারে।

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি বলেন, ১০টি অঞ্চলের মধ্যে কমপক্ষে ৬টি অঞ্চলে প্রস্তাবিত জাতটি সমান জীবনকাল সম্পন্ন চেক জাতের চেয়ে ১০% ফলন বা বিশেষ গুন সম্পন্ন হলে সারাদেশে ছাড়করণের যোগ্য বলে বিবেচিত হয়ে থাকে। তবে পুষ্টিগুণসমৃদ্ধ জাতের ক্ষেত্রে ফলন সমান হলেও তা বিবেচনায় নেয়া যেতে পারে।

জনাব মো: আমিনুল ইসলাম, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর বলেন, প্রস্তাবিত ব্রি ধান১০৫ জাতটি জিআই এর মান ব্রি কর্তৃক পরীক্ষা করা হয়েছে যা স্ট্যান্ডার্ড লেভেলের কাছাকাছি। এসসিএ এর নিজস্ব শস্য ও পুষ্টিমান (জিকিউএন) ল্যাবরেটরী না থাকায় উক্ত জাতটির জিআই এর মান অন্য কোন স্বীকৃত ল্যাবরেটরী হতে পরীক্ষা করে এর মান যাচাই করা হবে। এসসিএতে শস্যমান ও পুষ্টি বিষয়ক ল্যাবরেটরী স্থাপনের উদ্দেশ্যে একটি কর্মসূচি থাকা আবশ্যক। এতে করে বিশেষ বৈশিষ্ট্য সম্পন্ন নতুন জাতের গুণাগুণ পরীক্ষায় এসসিএ স্বয়ংসম্পূর্ণতা লাভ করবে।

জনাব এ ইচ এম হুমায়ুন কবির, এম ডি, সুপ্রীম সীড কোম্পানী এবং সেক্রেটারী, বিএসএ বলেন, বীজ প্রত্যয়ন এজেন্সী IRRI Bangladesh এবং USAID এর সাথে MOU করার মাধ্যমে জাত ছাড়করণ প্রক্রিয়ায় টেকনিক্যাল ও মেশিনারী সাপোর্ট নিতে পারে। এর ফলে বীজ প্রত্যয়ন এজেন্সী আন্তর্জাতিক মানের কার্যক্রম পরিচালনায় সমর্থ হবে।

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর প্রস্তাবিত ০২ (দুই) টি জাতের মাঠ মূল্যায়ন ফলাফল নিম্নে ছক আকারে উপস্থাপন করা হলোঃ

| ক্র. নং | প্রস্তাবিত জাত/ কৌলিক সারির নাম | গড় জীবনকাল | | গড় ফলন (টন/হে.) | | বিভিন্ন অঞ্চলে রোগবালাই এর আক্রমন | স্বাতন্ত্র্য | বিশেষ বৈশিষ্ট্য | মাঠ মূল্যায়ন দলের মতামত |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | প্রস্তাবিত জাত | চেক জাত | প্রস্তাবিত জাত | চেক জাত | | | | |
| ক. | ব্রি ধান১০৪ (BR8862-29-1-5-1-3) | ১৪৭ | ১৪৭ | ৭.২৯ | ৬.৬১ | Shb, BB, BLB, SB, RB | DUS Test এ প্রস্তাবিত জাতটি অনুরূপ জাত ব্রি ধান৫০ থেকে ৬টি বৈশিষ্ট্যে স্বাতন্ত্র্য পাওয়া যায় | সুগন্ধী, প্রিমিয়াম কোয়ালিটি | ৭টি স্থানে ফলন চেক জাতের চেয়ে ১০% বেশি এবং ৩টি স্থানে ফলন চেক জাতের চেয়ে ১০% কম |
| খ. | ব্রি ধান১০৫ (BRC266-5-1-1-1) | ১৪৮ | ১৪৭ | ৭.৬১ | ৭.৬৫ | Shb, BB, BLB, SB, RB | DUS Test এ প্রস্তাবিত জাতটি অনুরূপ জাত বিআর১৬ ধান থেকে ৬টি বৈশিষ্ট্যে স্বাতন্ত্র্য পাওয়া যায় | কম মাত্রায় গ্লাইসেমিক ইনডেক্স (লো জিআই) সমৃদ্ধ | ১টি স্থানে ফলন চেক জাতের চেয়ে ১০% বেশি এবং ৯টি স্থানে ফলন চেক জাতের চেয়ে ১০% কম |
| *Shb-Sheath Blight, BB-Bacterial Blight, BLB-Bacterial Leaf Blight, SB-Stem Borer, RB-Rice Bug | | | | | | | | | |

এখানে উল্লেখ্য যে, প্রস্তাবিত জাতটি সমান জীবনকাল সম্পন্ন চেক জাতের চেয়ে কমপক্ষে ৬টি অঞ্চলে ন্যূনতম ১০% বেশী ফলন বা বিশেষ গুন সম্পন্ন হলে সারাদেশে ছাড়করণের যোগ্য বলে বিবেচিত হবে।

**সিদ্ধান্ত: (ক) প্রস্তাবিত কৌলিক সারিটি BR8862-29-1-5-1-3 বোরো মৌসুমে ব্রি ধান১০৪ হিসেবে ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।**

**(খ) বীজ প্রত্যয়ন এজেন্সী BRC266-5-1-1-1 কৌলিক সারিটির জিআইএর মান ব্রি'র সহযোগিতায় স্বীকৃত ল্যাবরেটরী হতে পরীক্ষা করে রিপোর্ট এবং ব্রি জাতটির তথ্যাবলি পাওয়ার পরেই তার মাধ্যমে পরবর্তী কারিগরি সভায় উপস্থাপন করবে।**

**আলোচ্য বিষয় ৪: বাংলাদেশ গম ও ভূট্টা গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত গমের ০১টি জাত ছাড়করণ।**

**বিডাব্লিউএমআরআই গম৪ (BAW1290):** বিডাব্লিউএমআরআই গম৪ এর কৌলিক সারি BAW1290। কৌলিক সারিটি বারি গম২১ (Shatabdi) এবং নেপালী লাইন BL 3503 এর মধ্যে বাংলাদেশে সংকরায়ন করে জাতটি উদ্ভাবন করা হয়েছে। কুশি সংখ্যা ৪-৬ টি ও গাছের উচ্চতা ৯০-১০০ সেন্টিমিটার। ১০০০টি পুষ্ট দানার ওজন গড়ে ৪৮-৫৩ গ্রাম । জাতটি গমের মরিচা রোগ এবং পাতার দাগ রোগ প্রতিরোধী। জাতটি খাটো হওয়ায় সহজে হেলে পড়ে না। উল্লেখ্য, বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতের পর পর দুই বছর **Distinctness, Uniformity** এবং **Stability (DUS)** পরীক্ষা সম্পন্ন করা হয়। প্রস্তাবিত জাতটিতে **Glaucosity:spike, Glaucosity:culm, Lower glume:beak length, Lower glume:shoulder shape, Spike length** এই ৫টি বৈশিষ্ট্যে ডিইউএস (DUS) পরীক্ষায় ব্যবহৃত অনুরুপ জাত বারি গম২৮ হতে স্বাতন্ত্র্য পাওয়া গিয়েছে।

বাংলাদেশ গম ও ভূট্টা গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত গমের ০১ (এক) টি জাতের মাঠ মূল্যায়ন ফলাফল নিম্নে ছক আকারে উপস্থাপন করা হলোঃ

| ক্র নং | প্রস্তাবিত জাত/ কৌলিক সারির নাম | গড় জীবনকাল | | গড় ফলন (টন/হে.) | | বিভিন্ন অঞ্চলে রোগবালাই এর আক্রমন | স্বাতন্ত্র্য | মাঠ মূল্যায়ন দলের মতামত |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | প্রস্তাবিত জাত | চেক জাত | প্রস্তাবিত জাত | চেক জাত | | | |
| ক. | BAW1290 | ১০৪ | ১০৮ | ৪.২২ | ৩.৫৭ | HB, BpLB, FHB | DUS Test এ প্রস্তাবিত জাতটি অনুরুপ জাত বারি গম২৮ থেকে ৫টি বৈশিষ্ট্যে স্বাতন্ত্র্য পাওয়া যায় | ৮টি স্থানে ফলন চেক জাতের চেয়ে ১০% বেশি এবং ২টি স্থানে ফলন চেক জাতের চেয়ে ১০% কম |

* HB=Head Blight, BpLB=Bipolaris Leaf Blight, FHB=Fusarium Head Blight

উক্ত জাতটি ২০২১-২০২২ রবি মৌসুমে অন ফার্ম ৬টি (সদর, গাজীপুর; দেওয়ানগঞ্জ, জামালপুর; সদর, দিনাজপুর; রামপুর, ঠাকুরগাঁও, সদর, যশোর ও মিঠাপুকুর, রংপুর) এবং অন স্টেশন ৪টি (বাংলাদেশ গম ও ভূট্টা গবেষণা কেন্দ্র, দিনাজপুর; আঞ্চলিক গম ও ভূট্টা গবেষণা কেন্দ্র, গাজীপুর; আঞ্চলিক গম ও ভূট্টা গবেষণা কেন্দ্র, জামালপুর; আঞ্চলিক গম ও ভূট্টা গবেষণা কেন্দ্র, রাজশাহী) সহ মোট ১০টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ১০টি স্থানের মধ্যে ৮টি স্থানে যথা আঞ্চলিক গম ও ভূট্টা গবেষণা কেন্দ্র, জামালপুর (**২২.৮৭%**); দেওয়ানগঞ্জ, জামালপুর (**১২.২৩%**); আঞ্চলিক গম ও ভূট্টা গবেষণা কেন্দ্র, রাজশাহী (**১৩.৮০%**); আঞ্চলিক গম ও ভূট্টা গবেষণা কেন্দ্র, দিনাজপুর (**৩৩.৫৬%**); সদর, দিনাজপুর (**৪৫.৮৪%**); রামপুর, ঠাকুরগাঁও (**২৬.৭৬%**); সদর, যশোর (**১২.৬৭%**) ও মিঠাপুকুর, রংপুর (**২৬.৭৪%**) এ প্রস্তাবিত জাতে চেক জাতের চেয়ে ফলন ১০% এর বেশি এবং ২টি স্থানে আঞ্চলিক গম ও ভূট্টা গবেষণা কেন্দ্র, গাজীপুর (**-১৯.৩২%)**; ও সদর, গাজীপুর (**৮.৭৫%**) এ প্রস্তাবিত জাতে চেক জাতের চেয়ে ১০% এর কম ফলন পাওয়া গিয়েছে। মূল্যায়ন ফলাফল অনুযায়ী প্রস্তাবিত জাতটির গড় ফলন ৪.২২ টন/হেক্টর ও চেক জাত বারি গম৩১ এর গড় ফলন ৩.৫৭ টন/হেক্টর। প্রস্তাবিত জাতের জীবনকাল ১০৪দিন ও চেক জাতের জীবনকাল ১০৮ দিন। এখানে উল্লেখ্য যে, প্রস্তাবিত জাতটি সমান জীবনকাল সম্পন্ন চেক জাতের চেয়ে কমপক্ষে ৬টি অঞ্চলে ন্যূনতম ১০% বেশী ফলন বা বিশেষ গুন সম্পন্ন হলে সারাদেশে ছাড়করণের যোগ্য বলে বিবেচিত হবে।

**সিদ্ধান্ত: প্রস্তাবিত BAW1290 কৌলিক সারিটি বিডাব্লিউএমআরআই গম৪ হিসেবে সারা দেশে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো ।**

**আলোচ্য বিষয় ৫: এসিআই কর্তৃক প্রস্তাবিত গমের ০২টি জাত ছাড়করণ।**

**(ক) এসিআই গম১ (ASRBC/0037/1):** এসিআই গম১ এর কৌলিক সারি ASRBC/0037/1। কৌলিক সারিটি BARI Gom28 এ Mutation Breeding (EMS: Ethyl Methanesulfonate) এর মাধ্যমে উদ্ভাবন করা হয়েছে। গাছের উচ্চতা ১০০ থেকে ১০৫ সে.মি. এবং প্রতি গাছে টিলার এর সংখ্যা ৬-৭ টি। এর শীষের দৈর্ঘ্য গড়ে ১৩.৩ সে.মি. । ১০০০টি পুষ্ট দানার ওজন গড়ে ৬৬.০ গ্রাম। এর পাশাপাশি জাতটির Gluten এর পরিমান ৩২.০২% এবং প্রোটিনের পরিমান ১৩.২%। উল্লেখ্য, বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতের পর পর দুই বছর **Distinctness, Uniformity** এবং **Stability (DUS)** পরীক্ষা সম্পন্ন করা হয়। প্রস্তাবিত জাতটিতে

**Glaucosity:spike, Glaucosity:flag leaf sheath, Lower glume:beak length, Lower glume:shoulder shape, Lower glume:shoulder width, Awn length** এই ৬টি বৈশিষ্ট্যে ডিইউএস (DUS) পরীক্ষায় ব্যবহৃত অনুরুপ জাত বারি গম২৫ হতে স্বাতন্ত্র্য পাওয়া গিয়েছে।

উক্ত গমের জাতটি ২০২১-২২ রবি মৌসুমে অন ফার্ম ৬টি (সদর, গাজীপুর; দেওয়ানগঞ্জ, জামালপুর; সদর, দিনাজপুর; রামপুর, ঠাকুরগাঁও; সদর, যশোর ও মিঠাপুকুর, রংপুর) এবং অন স্টেশন ৪টি (বাংলাদেশ গম ও ভূট্টা গবেষণা কেন্দ্র, দিনাজপুর; আঞ্চলিক গম ও ভূট্টা গবেষণা কেন্দ্র, গাজীপুর; আঞ্চলিক গম ও ভূট্টা গবেষণা কেন্দ্র, জামালপুর ও আঞ্চলিক গম ও ভূট্টা গবেষণা কেন্দ্র, রাজশাহী) সহ মোট ১০টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ১০টি স্থানের মধ্যে ১০টি স্থানেই আঞ্চলিক গম ও ভূট্টা গবেষণা কেন্দ্র, গাজীপুর (**২৬.৩৪%**); সদর, গাজীপুর (**৪৩.৮৭%**); আঞ্চলিক গম ও ভূট্টা গবেষণা কেন্দ্র, জামালপুর (**৪১.২৪%**); দেওয়ানগঞ্জ, জামালপুর (**৩১.১৫%**); আঞ্চলিক গম ও ভূট্টা গবেষণা কেন্দ্র, রাজশাহী (**১০%**); বাংলাদেশ গম ও ভূট্টা গবেষণা কেন্দ্র, দিনাজপুর (**১৪.১৯%**); সদর, দিনাজপুর (**১৬.৬৭%**); রামপুর, ঠাকুরগাঁও (**৬৩.০৭%**); সদর,যশোর (**১২.৩৯%**) ও মিঠাপুকুর, রংপুর (**২৭.২৭%**) প্রস্তাবিত জাতে চেক জাতের চেয়ে ১০% এর বেশি ফলন পাওয়া গিয়েছে। মূল্যায়ন ফলাফল অনুযায়ী প্রস্তাবিত জাতটির গড় ফলন ৪.১৯ টন/হেক্টর ও চেক জাত বারি গম৩৩ এর গড় ফলন ৩.২৮ টন/হেক্টর। প্রস্তাবিত জাতের জীনকাল ১০৭দিন ও চেক জাতের জীবনকাল ১০৫ দিন।

**খ) এসিআই গম২ (ASRBC/0020/2):** এসিআই গম২ এর কৌলিক সারি (ASRBC/0020/2) । কৌলিক সারিটি BARI Gom28 এ Mutation Breeding (EMS: Ethyl Methanesulfonate) এর মাধ্যমে উদ্ভাবন করা হয়েছে। গাছের উচ্চতা ৯৫ থেকে ১০০ সে.মি. এবং প্রতি গাছে টিলার এর সংখ্যা ৫-৬ টি। এর শীষের দৈর্ঘ্য গড়ে ১৩.২ সে.মি.। ১০০০ পুষ্ট দানার ওজন গড়ে ৬৪.০ গ্রাম। এর পাশাপাশি জাতটির Gluten এর পরিমান ২৮.৯% এবং প্রোটিনের পরিমান ১২.৯%। উল্লেখ্য, প্রস্তাবিত জাতের **Distinctness, Uniformity এবং Stability** পরীক্ষার জন্য বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস (DUS) পরীক্ষা সম্পন্ন করা হয়। প্রস্তাবিত জাতটিতে **Glaucosity:culm, Lower glume:beak length, Lower glume:shoulder shape, Lower glume:shoulder width, Awn length** এই ৫টি বৈশিষ্ট্যে ডিইউএস (DUS) পরীক্ষায় ব্যবহৃত অনুরুপ জাত বারি গম২৫ হতে স্বাতন্ত্র্য পাওয়া গিয়েছে।

উক্ত গমের জাতটি ২০২১-২২ রবি মৌসুমে অন ফার্ম ৬টি (সদর, গাজীপুর; দেওয়ানগঞ্জ, জামালপুর; সদর, দিনাজপুর; রামপুর, ঠাকুরগাঁও; সদর, যশোর ও মিঠাপুকুর, রংপুর) এবং অন স্টেশন ৪টি (বাংলাদেশ গম ও ভূট্টা গবেষণা কেন্দ্র, দিনাজপুর, আঞ্চলিক গম ও ভূট্টা গবেষণা কেন্দ্র, গাজীপুর, আঞ্চলিক গম ও ভূট্টা গবেষণা কেন্দ্র, জামালপুর, আঞ্চলিক গম ও ভূট্টা গবেষণা কেন্দ্র, রাজশাহী) সহ মোট ১০টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ১০টি স্থানের মধ্যে ১০টি স্থানেই আঞ্চলিক গম ও ভূট্টা গবেষণা কেন্দ্র, গাজীপুর (**৪৩.৩০%**); সদর, গাজীপুর (**১৩.০১%**) ; আঞ্চলিক গম ও ভূট্টা গবেষণা কেন্দ্র, জামালপুর (**১২.৪৮%**); দেওয়ানগঞ্জ, জামালপুর (**১৬.৪৭%**); আঞ্চলিক গম ও ভূট্টা গবেষণা কেন্দ্র, রাজশাহী (**১০.৪১%**); বাংলাদেশ গম ও ভূট্টা গবেষণা কেন্দ্র, দিনাজপুর (**১২.৯৮%**); সদর, দিনাজপুর (**৩৭.৫১%**); রামপুর, ঠাকুরগাঁও (**৫৪.৮০%**); সদর,যশোর (**১০.২৯%**) ও মিঠাপুকুর, রংপুর (**২১.৪২%**) প্রস্তাবিত জাতে চেক জাতের চেয়ে ১০% এর বেশি ফলন পাওয়া গিয়েছে। মূল্যায়ন ফলাফল অনুযায়ী প্রস্তাবিত জাতটির গড় ফলন ৪.৩০ টন/হেক্টর ও চেক জাত বারি গম৩৩ এর গড় ফলন ৩.৪৯ টন/হেক্টর। প্রস্তাবিত জাতের জীবনকাল ১০৮দিন ও চেক জাতের জীবনকাল ১০৫ দিন ।

এ প্রেক্ষিতে মোহাম্মদ এনায়েত-ই-রাব্বি, উপপরিচালক (মান নিয়ন্ত্রণ), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর বলেন, এসিআই গম১ **ও** এসিআই গম২ এ গ্লুটেন % বেশি হওয়ায় বেকারি শিল্পে ব্যবহার উপযোগী হবে। এখানে উল্লেখ্য যে, এসিআই গম১ জাতটিতে গ্লুটেন এর পরিমান ৩২.০২% এবং এসিআই গম২ জাতটিতে গ্লুটেন এর পরিমান ২৮.৯%।

এসিআই কর্তৃক প্রস্তাবিত গমের ০২ (দুই) টি জাতের মাঠ মূল্যায়ন ফলাফল নিম্নে ছক আকারে উপস্থাপন করা হলোঃ

| ক্র নং | প্রস্তাবিত জাত/ কৌলিক সারির নাম | গড় জীবনকাল | | গড় ফলন (টন/হেক্টর) | | বিভিন্ন অঞ্চলে রোগবালাই এর আক্রমন | স্বাতন্ত্র্য | মাঠ মূল্যায়ন দলের মতামত |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | প্রস্তাবিত জাত | চেক জাত | প্রস্তাবিত জাত | চেক জাত | | | |
| ক. | ACI Gom1 (ASRBC/ 0037/1) | ১০৭ | ১০৫ | ৪.১৯ | ৩.২৮ | HB, BPLB, FHB, SB | DUS Test এ প্রস্তাবিত জাতটি অনুরুপ জাত বারি গম২৫ থেকে ৬টি বৈশিষ্ট্যে স্বাতন্ত্র্য পাওয়া যায় | ১০টি স্থানে ফলন চেক জাতের চেয়ে ১০% বেশি |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| খ. | ACI Gom2 (ASRBC/ 0020/2) | ১০৮ | ১০৫ | ৪.৩০ | ৩.৪৯ | HB, BPLB, FHB, SB | DUS Test এ প্রস্তাবিত জাতটি অনুরূপ জাত বারি গম২৫ থেকে ৫টি বৈশিষ্ট্যে স্বাতন্ত্র্য পাওয়া যায় | ১০টি স্থানে ফলন চেক জাতের চেয়ে ১০% বেশি |
| * HB=Head Blight, BpLB=Bipolaris Leaf Blight, FHB=Fusarium Head Blight | | | | | | | | |

এখানে উল্লেখ্য যে, প্রস্তাবিত জাতটি সমান জীবনকাল সম্পন্ন চেক জাতের চেয়ে কমপক্ষে ৬টি অঞ্চলে ন্যূনতম ১০% বেশী ফলন বা বিশেষ গুন সম্পন্ন হলে সারাদেশে ছাড়করণের যোগ্য বলে বিবেচিত হবে।

**সিদ্ধান্ত: প্রস্তাবিত (ক) ASRBC/0037/1 কৌলিক সারিটি এসিআই গম১ হিসেবে এবং (খ) ASRBC/0020/2 কৌলিক সারিটি এসিআই গম২ হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।**

**আলোচ্য বিষয় ৬.১: জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০৪তম সভার আলোচ্য বিষয় ৫ এর আলোকে গঠিত উপকমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী বিদ্যমান ইনব্রিড ধান, গম ও হাইব্রিড ধান এর জাত মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতি সংশোধন।**

বিগত ১১/০৮/২০২২ তারিখে জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০৪তম সভার আলোচ্য বিষয় ৫ এর আলোকে গঠিত উপকমিটির সভা কৃষিবিদ মো: আমিনুল ইসলাম, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয় ।উক্ত সভার কার্যবিবরণী অদ্যকার সভায় উপস্থাপন করা হলো।উন্মুক্ত আলোচনার এক পর্যায়ে ড. খোন্দকার মো: ইফতেখারুদৌলা, সিএসও ও প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ, ব্রি গাজীপুর বলেন, ধানের বিশেষ বৈশিষ্ট্য হিসেবে এ্যারোমা উল্লেখ করা যেতে পারে। এ পর্যায়ে মো: জাকির হাসনাত, উপপরিচালক (বীজ ও অন্যান্য উপকরণ), ডিএই বলেন, গমের বিশেষ বৈশিষ্ট্য হিসেবে গ্লুটেন % অন্তর্ভুক্ত করা যেতে পারে। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

**(ক)** নিয়ন্ত্রিত ফসলের জাত ছাড়করণের জন্য বীজ বিধিমালা, ২০২০ এর বিধি ১১ এর উপবিধি ২ অনুযায়ী ফরম-১০ অনুযায়ী পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বরাবর আবেদন করতে হবে।

**(খ)** বিশেষগুণ সম্পন্ন ধানের জাতের ক্ষেত্রে প্রস্তাবিত জাতের ফলন চেক জাতের সমান হলে সারাদেশে ছাড়করণের যোগ্য বলে বিবেচিত হবে। বিশেষগুণ নির্ধারন: ১। নির্দিষ্ট রোগ-পোকামাকড় প্রতিরোধী ২। জিংক সমৃদ্ধ ৩। আয়রণ সমৃদ্ধ ৪। প্রোটিন সমৃদ্ধ ৫। রাইস ব্রান অয়েল এর পরিমাণ ৬। Vitamin A সমৃদ্ধ ৭। Alkali Spreading Value ৮। Gel Consistency ৯। এ্যারোমা ইত্যাদি অন্তর্ভুক্ত করতে হবে। আবেদন করার সময় বিশেষগুণের উল্লেখ থাকতে হবে এবং যথাযথ প্রমাণক দিতে হবে।

**(গ)** ইনব্রিড ও হাইব্রিড ধানের ক্ষেত্রে প্রস্তাবকারী প্রতিষ্ঠান জাত প্রতি ১,০০০/-(এক হাজার) টাকা এন্ট্রি ফি সরকারি কোষাগারে কোড নং ১৪২২৩২৯ এ জমা দিয়ে চালানের কপি পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সীর নিকট দাখিল করতে হবে। বিদ্যমান মূল্যায়ন দলের পাশাপাশি বীজ প্রত্যয়ন এজেন্সী'র সদর দপ্তরের ২জন কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলার উপপরিচালক, ডিএই এবং অনস্টেশন ইনচার্জ সহ ৪ (চার) জনকে মনিটরিং অফিসার হিসেবে অন্তর্ভুক্ত করে সম্মানী ভাতা দেয়া যেতে পারে। ট্যাগিং, ব্যাগিং, শ্রমিক ভাতা, কন্টিনজেন্সীসহ ২,০০০/- (দুই হাজার) টাকা এবং ট্রায়াল বাস্তবায়ন ও আনুষঙ্গিক খরচ বাবদ ট্রায়াল প্রতি ১৫,০০০/- (পনের হাজার) টাকা এবং মূল্যায়ন দলের ৭জন সদস্যদের এবং মনিটরিং এর জন্য ৪জন সদস্যের ২(দুই) বার সম্মানী ভাতা ১,০০০×১১×২=২২,০০০/- (বাইশ হাজার) টাকা এবং ২ (দুই) বারে আপ্যায়ন ভাতা ৫,০০০×২= ১০,০০০/- (দশ হাজার) টাকা সর্বমোট ৪৯,০০০/- (উনপঞ্চাশ হাজার) টাকা (প্রতিটি জাত প্রতিটি স্থানে) পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বরাবর জমা দিতে হবে।

**(ঘ)** ধানের মিলিং আউটটার্ন ও এ্যামাইলোজের পরিমাণ স্বীকৃত প্রতিষ্ঠান হতে পরীক্ষাপূর্বক এর রিপোর্ট ছাড়করণ/নিবন্ধন আবেদনের সঙ্গে সংযুক্ত করা প্রয়োজন।

**(ঙ)** সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয় যে, হাইব্রিড ধানের ট্রায়ালের প্লট সাইজ ৪X৫=২০ বর্গমিটার হবে। ঢলে পড়ার মানদন্ড, ফেনোটাইপ স্কেল পরিমাপে ধানের ক্ষেত্রে IRRI এবং গমের ক্ষেত্রে CIMMYT এর গাইডলাইন অনুসরণ করে সংশ্লিষ্ট মাঠ মূল্যায়ন দলকে মাঠ মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করতে হবে।

**(চ)** চেক জাত নির্ধারনের ক্ষেত্রে কোন জাতকে নির্দিষ্ট করা যাবে না এবং জাতীয় বীজ বোর্ডের ১০৬তম সভার বিষয় ২.৩ (হাইব্রিড ধানের জাত মূল্যায়নে গবেষনা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত সর্বোচ্চ ফলনশীল মৌসুম ভিত্তিক ইনব্রিড জাতকে জেক জাত হিসেবে ব্যবহার এবং নিবন্ধন চাহিত জাতের ফলন চেক জাতের চেয়ে ২০%বেশী heterosis হলে হাইব্রিড জাত হিসেবে নিবন্ধন করা) এর চেক জাত

নির্ধারণ করার বিষয়টি সংশোধিত হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধন গাইডলাইনে অন্তর্ভুক্ত করতে হবে। হাইব্রিড ট্রায়ালে চেক জাত নির্ধারণে বীজ প্রত্যয়ন এজেন্সী চুড়ান্ত সিদ্ধান্ত নিবে।

**(ছ)** গমের বিশেষগুণ যেমন: ১। ক্ষতিকারক রোগ প্রতিরোধী এবং পোকা প্রতিরোধী ২। প্রোটিন % ৩। জিংক Enriched ৪। খাটো জাত (Dwarf Variety) ৫। গ্লুটেন % ইত্যাদি আবেদন করার সময় বিশেষগুণের উল্লেখ থাকতে হবে এবং যথাযথ প্রমাণক দিতে হবে।

**(জ)** উপকমিটির কার্যবিবরণীর শেষ পৃষ্ঠায় বর্ণিত পরিশিষ্ট খ অনুযায়ী ইনব্রিড ধান ও গমের এবং হাইব্রিড জাতের মাঠ মূল্যায়ন ছক সংশোধনের সুপারিশ করার প্রস্তাব গৃহীত হয়।

**বিশেষ দ্রষ্টব্য: কার্যবিবরণীর পুরিশিষ্ট-খ তে ইনব্রিড ধান ও গম এবং হাইব্রিড ধানের খসড়া গাইডলাইন অনুমোদনের জন্য সংযুক্ত করা হলো।**

**সিদ্ধান্ত: উপরোক্ত সিদ্ধান্ত সমূহ অন্তর্ভুক্ত করে হাইব্রিড ও ইনব্রিড ধান ও গমের সংশোধিত গাইডলাইন অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।**

**আলোচ্য বিষয় ৬.২: বিএডিসির বোরো ধানের স্থানীয় উন্নত জাত জিরাশাইল / বাংলাশাইলকে 'বিএডিসি বাংলা জিরাশাইল ধান' এবং ভারতীয় পাটের জাত জেআরও-৫২৪ জাতকে 'বিএডিসি পাট১' নামে ছাড়করণ।**

**সিদ্ধান্তঃ ক) বাংলাজিরা জাতটি জিরাশাইলের অনুরুপ পদ্ধতি অনুসরণ করে Locally Improved Variety হিসেবে রবি মৌসুমে বোরো ধানের তালিকাভুক্ত করার ব্যাপারে জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।**

**খ) বীজ বিধিমালা-২০২০ এর বিধি-১১ এর উপবিধি (২) অনুযায়ী নিয়ন্ত্রিত ফসলের জাত ছাড়করণ বা নিবন্ধনের জন্য ফরম-১০ অনুযায়ী বীজ প্রত্যয়ন এজেন্সীর পরিচালক বরাবর আবেদন দাখিল করতে হবে। কাজেই বিএডিসিকে ভারতীয় তোষা পাট জাত জেআরও-৫২৪ (নবীন)কে ছাড়করণ বা নিবন্ধনের জন্য এই পদ্ধতি অনুসরণ করতে হবে। SAARC Seed Bank Protocol অনুযায়ী, বিএডিসি ভারতীয় তোষা পাট জাত 'জেআরও-৫২৪ (নবীন)' কে একই নামে এর বীজ উৎপাদন ও বাজারজাতকরণ করতে পারবে কিনা সে বিষয়ে কৃষি মন্ত্রণালয় সিদ্ধান্ত প্রদান করবে।**

**আলোচ্য বিষয় ৬.৩: নোটিফাইড ফসলের ট্রায়াল প্রাকৃতিক দুর্যোগের কারণে বিনষ্ট হলে ফলাফল নির্ধারণ।**

**সিদ্ধান্তঃ- ইনব্রিড ধান ও গমের জাত ছাড়করণ ও মূল্যায়ন পদ্ধতি অনুযায়ী প্রস্তাবিত জাতটির ১০ টি অঞ্চলের মধ্যে ৬ টি অঞ্চলের ট্রায়াল প্লটের ফলন ভাল থাকলেই ফলাফল গ্রহনযোগ্য হবে এবং হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধন নির্দেশিকা অনুযায়ী ৬ টি অঞ্চলের মধ্যে কমপক্ষে ৩ টি অঞ্চলে অনফার্ম এবং অনস্টেশনে ট্রায়াল প্লট ভাল থাকলেই ফলাফল গ্রহনযোগ্য হবে । ন্যুনতম অঞ্চলের চেয়ে শুধুমাত্র একটি স্থানের ট্রায়াল প্লটের ফলন প্রাকৃতিক দুর্যোগের কারণে বিনষ্ট হলে অন্যান্য স্থানের ফলনের গড় ফলাফল প্রাকৃতিক দুর্যোগ কবলিত স্থানের ফলন হিসাবে বিবেচনা করে ফলাফল প্রস্তুত করার বিষয়ে সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু ন্যুনতম অঞ্চলের চেয়ে দুই বা ততোধিক স্থানের ট্রায়াল অনিবার্য কারণে বিনষ্ট হলে পরবর্তী বছরে পুনঃট্রায়াল করতে হবে।**

**আলোচ্য বিষয় ৭: আলু ফসলকে পুনরায় নিয়ন্ত্রিত করার বিষয়ে বীজ প্রত্যয়ন এজেন্সীর মাঠ পর্যায়ের মতামত পর্যালোচনা।**

জাতীয় বীজ বোর্ডের ১০০তম সভার সিদ্ধান্ত অনুযায়ী আলু ফসলকে ১৯ সেপ্টেম্বর, ২০১৯ হতে তিন বছরের জন্য অনিয়ন্ত্রিত ঘোষণা করা হয়েছে। ইতোমধ্যে বিভিন্ন বেসরকারী প্রতিষ্ঠানের মাধ্যমে উল্লেখযোগ্য সংখ্যক আলুর জাত দেশে প্রবেশ করেছে। রপ্তানী উপযোগী বিদেশী আলুর জাতগুলো আকর্ষনীয় বৈশিষ্ট্যমন্ডিত এবং নিবন্ধনেও সময় কম লাগে। সাধারনত বীজ প্রত্যয়ন এজেন্সী নোটিফাইড ফসলের প্রত্যয়ন দিয়ে থাকে। কিন্তু বীজ প্রত্যয়ন এজেন্সীর মাঠ পর্যায় থেকে প্রাপ্ত তথ্য মোতাবেক আলু অনিয়ন্ত্রিত ফসল হওয়া সত্বেও বিভিন্ন সরকারি বেসরকারি প্রাতষ্ঠানের চাহিদার ভিত্তিতে জেলা বীজ প্রত্যয়ন অফিসারগণ আলুর মাঠ পরিদর্শন করেন এবং প্রত্যয়ন ট্যাগ প্রদান করে থাকেন। প্রত্যয়নকৃত এবং ট্যাগসমৃদ্ধ বাজারজাতকৃত আলুর গ্রহণযোগ্যতা কৃষক পর্যায়ে অনেক বেশী। তাছাড়া আলু অনিয়ন্ত্রিত ফসল হওয়ার জন্য আলু ফসলের নতুন জাতের মূল্যায়ন ও অবমুক্তকরণে সরকারের কোন নিয়ন্ত্রণ না থাকায় দেশের বাইরে থেকে আমদানীকৃত আলুর জাতের সাথে ক্ষতিকর নেমাটোড, ব্যাকটেরিয়া বা ভাইরাসের মত অনুজীবের অনুপ্রবেশ একেবারই অমূলক নয়।এ সমস্ত বিষয় বিবেচনা করে দেশের কৃষি নিরাপত্তার স্বার্থে আলু ফসলকে পূর্ববৎ নিয়ন্ত্রিত ফসল হিসেবে বহাল রাখা যেতে পারে। এ বিষয়ে আলোচনাপূর্বক সিদ্ধান্ত নেয়া যেতে পারে।

**সিদ্ধান্তঃ পরবর্তী সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত বীজ প্রত্যয়ন এজেন্সী আলু ফসলের প্রত্যয়ন করবে এবং প্রত্যয়ন ট্যাগ প্রদান করবে। তা ছাড়া আলু নন-নোটিফাইড হবে কিনা সে বিষয়ে কৃষি মন্ত্রণালয় সিদ্ধান্ত গ্রহণ করবে।**

আলোচ্য বিষয় ৮: বিবিধ:

**(ক) বীজ প্রত্যয়ন এজেন্সীর আওতাধীন জেলা বীজ প্রত্যয়ন অফিস, ফরিদপুর এ মিনিল্যাব চালু করার জন্য অনুমোদন।**

বর্তমানে ঢাকা, শেরপুর, ময়মনসিংহ, জামালপুর, রাজবাড়ী, ব্রাহ্মনবাড়িয়া, হবিগঞ্জ, ফেনী, চট্টগ্রাম, কক্সবাজার, যশোর, কুষ্টিয়া, ঝিনাইদহ, মেহেরপুর, চুয়াডাঙ্গা, মাগুরা, বরিশাল, বগুড়া, রংপুর, নীলফামারী, দিনাজপুর, ঠাকুরগাঁও, চাপাঁইনবাবগঞ্জ, রাজশাহী ও পাবনা জেলা গুলোতে ২৫টি মিনিল্যাব চালু আছে। বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুরে চলমান বীজ প্রত্যয়ন কার্যক্রম জোরদারকরন প্রকল্পের বিদ্যমান ডিপিপি অনুযায়ী জেলা বীজ প্রত্যয়ন অফিস, ফরিদপুর এ একটি মিনিল্যাব স্থাপন করা হয়েছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিভিন্ন প্রকল্প হতে আগত বীজ নমুনাসহ পার্শ্ববর্তী এলাকার বিভিন্ন ধরনের বীজ নমুনা মিনিল্যাবগুলোতে পরীক্ষা করা হয়ে থাকে। দেশের ও কৃষকের স্বার্থে জেলা বীজ প্রত্যয়ন অফিস, ফরিদপুর এ স্থাপিত মিনিল্যাবটি চালু করার অনুমোদন দেয়া যেতে পারে। এতে করে কৃষকসহ বীজের সাথে সম্পৃক্ত ব্যক্তিবর্গ বা প্রতিষ্ঠানগুলোর পক্ষে স্বল্প খরচে ও সময়ে বীজ পরীক্ষা করা সম্ভব হবে। এ বিষয়ে আলোচনাপূর্বক সিদ্ধান্ত নেয়া যেতে পারে।

**সিদ্ধান্তঃ দেশের ও কৃষকের স্বার্থে জেলা বীজ প্রত্যয়ন অফিস, ফরিদপুর এ স্থাপিত মিনিল্যাবটি চালু করার অনুমোদন দেয়ার জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।**

**(খ) বোরো মৌসুমে চাষাবাদের জন্য বেসরকারি প্রতিষ্ঠানসমূহের ১৩টি হাইব্রিড ধানের পুন: ট্রায়াল**

বোরো ২০১৯-২০ ও ২০২০-২১ মৌসুমে ট্রায়ালকৃত ১৩টি হাইব্রিড জাতের মাঠ মূল্যায়নে ১০টি জাত সারাদেশে ও ৩টি জাত অঞ্চলভিত্তিক পাশ করা সত্ত্বেও জাতীয় বীজ বোর্ডের নিবন্ধনের অনুমোদন পায়নি। জাতীয় বীজ বোর্ডের ১০৬তম সভায় ১৩টি জাতের পুন: ট্রায়াল সম্পন্ন করে প্রাপ্ত তথ্য উপাত্তসহ জাতীয় বীজ বোর্ডে প্রেরণ করার জন্য কারিগরি কমিটিকে নির্দেশনা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। এ প্রেক্ষিতে কারিগরি কমিটির ১০৫তম সভায় এ.এইচ.এম হুমায়ুন কবির, এমডি, সুপ্রীম সীড কোং এবং সেক্রেটারি, বিএসএ বলেন, উল্লিখিত ১৩টি হাইব্রিড জাত চেক জাত ব্রি হাইব্রিড ধান৫ হতে হেটারোসিস ৫% এর বেশি হওয়ায় সারাদেশে ও অঞ্চলভিত্তিক পাশ করে। যেহেতু, ইতিপূর্বে এই ১৩টি হাইব্রিড জাত নিবন্ধনের জন্য সুপারিশ করা হয়েছিল তাই বোরো ২০২২-২৩ মৌসুমে ১ বছর ট্রায়াল বাস্তবায়ন করে ফলাফল জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির সুপারিশের ভিত্তিতে এনএসবিতে উপস্থাপন করা যেতে পারে।

**সিদ্ধান্তঃ ১৩টি বোরো হাইব্রিড জাতের ১ বছর ট্রায়াল বাস্তবায়ন করে ফলাফল জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির সুপারিশের ভিত্তিতে এনএসবিতে উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।**

পরিশেষে সভাপতি উপস্থিত সকল সদস্যকে মূল্যবান মতামত প্রদান করার জন্য ধন্যবাদ জানান এবং আর কোন আলোচনা না থাকায় সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৫/১০/২০২২

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি
ও
সভাপতি
জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি